



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী।



স্মারক নং-ফেকই/একাঃ/০৩/২০১৯-৪৮৭১

ফোনঃ ০৩৩১-৬১৮৮৮ ফ্যাক্সঃ ০৩৩১-৬১৮৮৮  
Website: www.fci.gov.bd; Email: fci\_bd@yahoo.com

## বিজ্ঞপ্তি

তারিখ- ১২/০২/২০১৯খ্রিঃ

এতদ্বারা অত্র ইনস্টিটিউটের ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্বে ড্রপআউট হয়ে অনিয়মিত শিক্ষার্থী হিসেবে গত সমাপনি পরীক্ষায় অংশগ্রহণকৃত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাদেরকে ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বে পুনঃভর্তি হতে হবে। এমতাবস্থায়, আগামী ২০/০২/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নলিখিত কাগজপত্রসহ রেজিস্ট্রার শাখায় যোগাযোগ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

### পুনঃভর্তির নিয়মাবলী :

- ১। পুনঃভর্তির জন্য বরাবর, পরীক্ষা নিয়ন্ত্রক এবং মাধ্যমঃ অধ্যক্ষ উল্লেখ করে আবেদন করতে হবে।
- ২। পুনঃভর্তির আবেদনের সাথে পূর্ববর্তী পর্বের প্রবেশপত্র, নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৩। প্রবিধান ২০১০ এর আওতাধীন ৬ষ্ঠ এবং ৮ম পর্বে পুনঃভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের প্রবিধানের সংশোধিত ধারা ৪.১৪.৫ মোতাবেক সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণসহ আবেদন করতে হবে।
- ৪। প্রবিধান ২০১০ এর সংশোধিত ধারা ৪.১৪.৪ মোতাবেক ৫ম ও ৭ম পর্বে ৪(চার) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীগণ পরবর্তীতে সংশ্লিষ্ট পর্বে (৫ম ও ৭ম) অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণের পর অনুত্তীর্ণ হলে তারা পুনঃভর্তিকৃত প্রতিষ্ঠানের ৪র্থ ও ৬ষ্ঠ পর্বের অনিয়মিত শিক্ষার্থী হিসেবে গণ্য হবে ও পুনঃভর্তির আদেশ বাতিল বলে গণ্য হবে এবং প্রবিধানের ধারা ৪.১৪.৪ মোতাবেক ব্যবস্থা নিতে হবে।
- ৫। নির্ধারিত ফি।

স্বাক্ষরিত/-

(প্রকোঃ মোঃ রকিব উল্লাহ)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ফেনী কম্পিউটার ইনস্টিটিউট  
ফেনী।

তারিখ- ১২/০২/২০১৯খ্রিঃ

স্মারক নং-ফেকই/একাঃ/০৩/২০১৯- ৪৮৭১(১১)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
- ৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
- ৪। পরিচালক(কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
- ৬। কারিকুলাম বিশেষজ্ঞ(ডিপ্লোমা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
- ৭। বিভাগীয় প্রধান (ডিএনটি/সিএসটি/টিসিটি/নন-টেক), অত্র ইনস্টিটিউট।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, অত্র ইনস্টিটিউট (পত্রটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৯। রেজিস্ট্রার শাখা/সংস্থাপন শাখা/হিসাব শাখা, অত্র ইনস্টিটিউট।
- ১০। নোটিশ বোর্ড, অত্র ইনস্টিটিউট
- ১১। সংরক্ষণ নথি।

(প্রকোঃ মোঃ রকিব উল্লাহ)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ফেনী কম্পিউটার ইনস্টিটিউট  
ফেনী।

১২/০২/১৯